



W B C L A

# News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XIII &amp; XIV,

Oct. '03— Dec. '03 &amp; Jan. '04 — Mar. '04

No. 4 &amp; 1

## সম্পাদকীয়

দীর্ঘ দুই দশকের অধিক পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতি কলেজ গ্রন্থাগারিকদের চাকুরীর শর্তাবলী ও পদমর্যাদা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে আদায়ে ব্যর্থ হয়েছে। অর্থাৎ সমিতির আবেদন বিফল হয়েছে। বিভিন্ন সময়ে গ্রন্থাগারিকদের ন্যায্য দাবিগুলি উদ্দেশ্যপ্রনোদিতভাবেই মঞ্জুর করা হচ্ছে না। উচ্চশিক্ষায় গ্রন্থাগারের এবং গ্রন্থাগারিক পেশার স্বার্থে নিরুপায় হয়ে, সম্প্রতি, সমিতি, সকল সদস্যের সম্মতিক্রমেই, High Court- এ সুবিচারের আশায় আবেদন করেছে। এ ব্যাপারে সর্বস্তরের গ্রন্থাগারিক বন্ধুদের আলোচনা সভার মাধ্যমে, আবেদনের মাধ্যমে অবহিত করা হয়েছে। উচ্চশিক্ষায় গ্রন্থাগারের প্রয়োজনীয়তা, সেই সংগে গ্রন্থাগারিকদের গ্রন্থাগারে প্রয়োজন (প্রায় শতাধিক কলেজে গ্রন্থাগারিক নেই) এবং গ্রন্থাগারিক বৃত্তির মর্যাদা রক্ষার জন্য মামলা জরুরী। মামলার ফলাফলে গ্রন্থাগার ও গ্রন্থাগার বৃত্তির গুরুত্ব অনেকাংশে নির্ভর করছে। সকল গ্রন্থাগারিক বন্ধুদের সবিনয়ে জানাই যে, তাঁরা সমিতির সঠিক পদক্ষেপে যেন সর্বতোভাবে সাহায্য এবং সহযোগিতা করেন। “ভারত স্বাধীন হলে পশ্চিমবঙ্গ স্বাধীন হবে” — এই ধারণা মনে মনে পোষণ করলেও, সংগঠিতভাবে জয়লাভের আনন্দ, বোধকারি কাউকে বিশেষভাবে ব্যাখ্যার অবকাশ রাখে না।

ইতিমধ্যেই গ্রন্থাগারিক বন্ধুদের অনেকেই আমাদের আবেদনে সাড়া দিয়ে যথাসাধ্য সাহায্য এবং সহযোগিতা করছেন। এমনকি, পরমশ্রদ্ধেয় / শ্রদ্ধেয়া অবসরপ্রাপ্ত গ্রন্থাগারিকগণ আমাদের সাহায্য এবং সহযোগিতা করছেন। আমাদের দৃঢ় বিশ্বাস, আমাদের সঠিক পদক্ষেপে সকলেই সাড়া দেবেন। এখনও যাঁরা আমাদের আবেদনে সাড়া দেওয়ার চিন্তা করছেন, তাঁদের স্পষ্ট ভাবে জানাতে চাই, পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির অস্তিত্বের অর্থ কলেজ গ্রন্থাগার এবং গ্রন্থাগারিকদের অস্তিত্ব। এই সমিতির সঠিক আন্দোলনের ফলে পশ্চিমবঙ্গের গ্রন্থাগারিক বন্ধুগণ বহুল উপকৃত হয়েছেন, অস্বীকার করতে পারবেন না। যাঁরা সমিতির আন্দোলনের ফলভোগ করেছেন এবং করছেন অথচ সমিতির প্রতি ন্যূনতম কর্তব্য পালন করছেন না, তাদের এহেন কর্তব্যের বিচার নিশ্চয়ই সকলেই করবেন। এতদসত্ত্বেও সর্বস্তরের কলেজ গ্রন্থাগারিকদের পুনরায় অনুরোধ জানাবো, সমিতিকে যথাসাধ্য সাহায্য এবং সহযোগিতা করতে। ধন্যবাদ জানাই, যাঁরা সাহায্য এবং সহযোগিতা করেছেন এবং করছেন।